# অস্ট্রেলিয়ায় যুবদল, স্বেচ্ছাসেবকদল এবং ছাত্রদলের একুশে ফেব্রুয়ারী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন



**এম. মোরশেদঃ** শ্রদ্ধা আর ভালোবাসায় অস্ট্রেলিয়ায় প্রবাসী বাংলাদেশীরা স্মরণ করেছে ভাষা শহীদদের। আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে দিনটি পালিত হচ্ছে আন্তর্জাতিকভাবে; স্বদেশের গণ্ডি ছড়িয়ে। এ উপলক্ষে গত ২১শে ফেব্রুয়ারি ২০১১, সোমবার, সিডনীর বনফুল রেস্টুরেন্টে বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দল, যুবদল এবং ছাত্রদলের যৌথ উদ্যোগে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দল অস্ট্রেলিয়ার সভাপতি জনাব হাফিজুল ইসলাম তারেকে। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট শিল্পপতি ও বাংলাদেশ জাতীয়তাবাদী পেশাজীবি পরিষদের সভাপতি জনাব আবুল কাসেম হায়দার। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বহির্বিশ্ব বিএনপির সদস্য সচিব ও স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় আন্তর্জাতিক সম্পাদক মোসলেহউদ্দিন আরিফ। অনুষ্ঠানটি পরিচালনা করেন বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল অস্ট্রেলিয়া শাখার সাধারন সম্পাদক এ এন.এম.মাসুম।

বাংলাদেশের জাতীয় সঙ্গিতের মাধ্যমে অনুষ্ঠান শুরুর পরপরই ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা বাংলাদেশ স্বাধীনতা সংগ্রাম ও মুক্তিযুদ্ধে ত্রিশ লক্ষ শহীদের আত্মার মাগফেরাত এবং বাংলাদেশে গনতন্ত্র পুনরুদ্ধারের স্বপ্নপুরুষ শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের প্রতি শ্রদ্ধাঞ্জলী নিবেদন করে এক মিনিট নিরবতা পালন করা হয়।

অস্ট্রেলিয়ার বিশিষ্ঠ তরুন ব্যবসায়ী মোঃ শাহেজামান টিটু'র স্বাগতম বক্তব্যের পর অনুষ্ঠানে বক্তব্য রাখেন ছাত্রদল অস্ট্রেলিয়া শাখার সভাপতি মোস্তফা মোরশেদ নিথুন, যুবদলের সহ সভাপতি সর্দার জ্যামস লিটন, সেবক দলের সহ-সভাপতি শফিকুল ইসলাম রিপন, সাংগঠনিক সম্পাদক মোনায়াইমেন খান মিশু, ছাত্রদলের সাধারণ সম্পাদক মোস্তাফিজ আল মামুন, মাহমুদুর রহমান মুক্তি পরিষদ অস্ট্রেলিয়ার আহবায়ক মো:জসিম উদ্দিন আহমেদ মিঠু, জাসাস সাধারণ সম্পাদক মোঃ আবুল কাশেম, বিএনপি নেতা মোঃ হারিসুল মাহমুদ, ছাত্রদলের সিনিয়র যুগ্ম সাধারন সম্পাদক শাহাদাত হোসেন সোহেল, শামছুজামান টিটু প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে জনাব আবুল কাসেম হায়দার মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে ৫২'র ভাষা আন্দোলনের বীর শহীদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বলেছেন, অধিকার আদায় এবং অন্যায়-অবিচারের বিরুদ্ধে প্রতিবাদী হতে ভাষা শহীদরা আমাদের প্রেরণার উৎস। তাই জাতীয়তাবাদী সকল শক্তিকে ঐক্যবদ্ধভাবে তাদের আত্মত্যাগের ধারাবাহিকতা, গণতন্ত্র এবং স্বাধীন বাংলাদেশের সার্বভৌমত্ব রক্ষা করতে হবে।

বহির্বিশ্বের সদস্য সচিব এবং স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় আন্তর্জাতিক সম্পাদক মোসলেহউদ্দিন আরিফ বলেছেন, ৫২'র ২১ ফেব্রুয়ারির সকল শহীদদের গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করছি। একুশে ফেব্রুয়ারি আমাদের জাতীয় জীবনে এক তাৎপর্যময় দিন। নিজেদের মাতৃভাষার অধিকার ও মর্যাদা রক্ষার জন্য সেদিন ছাত্ররা জীবন বাজি রেখে রাজপথে নেমে এসে পুলিশের গুলিতে আত্মদান করে। তাদের এই আত্মত্যাগের বিনিময়ে রচিত হয়েছে আমাদের জাতীয় মুক্তি আন্দোলনের প্রথম সোপান। বায়ান্ন'র পথ ধরেই এদেশের সকল গণতান্ত্রিক এবং স্বাধিকারের সংগ্রাম সম্প্রসারিত হয়েছে, অর্জিত হয়েছে এক রক্তক্ষয়ী যুদ্ধের মধ্য দিয়ে আমাদের জাতীয় স্বাধীনতা।

সভাশেষে মো:জসিম উদ্দিন আহমেদ মিঠুকে আহবায়ক করে মাহমুদুর রহমান মুক্তি পরিষদ অস্ট্রেলিয়ার কমিটি গঠিত হয়।